দৈনিক জনকণ্ঠ

২২/৮/২০০২

তারিখ ............
পৃষ্ঠা ৬ ... কলাম ... ৪ ......

# সহকারী শিক্ষক ॥ হাজার শূন্য পদে ৫০ সহস্রাধিক প্রার্থী

**স্টাফ রিপোর্টার** ॥ দেশের সরকারী স্কুলসমূহে সহকারী শিক্ষকের শূন্য এক হাজার বাহাত্তরটি পদের বিপরীতে ৫০ সহস্রাধিক আবেদন জমা পড়েছে। প্রতিটি পদের বিপরীতে গড়ে আবেদন করেছে ৪৬ জন। এ দিকে আদালতের নির্দেশে শিক্ষা অধিদফতর বিএড (অনার্স) ডিগ্রীধারীদের সহকারী শিক্ষক পদে আবেদনের সুযোগ দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। শিক্ষা অধিদফতরের ডিজি ড. এটিএম শরীফ উল্লাহ বলেন, বিএড (অনার্স) ডিগ্রীধারীরা ১৫ সেপ্টেম্বরের মধ্যে আবেদন করতে পারবে। তবে অন্যরা এ সুযোগ পাবে না। কারণ তাদের আবেদনের শেষ তারিখ ছিল পয়লা আগস্ট। এক প্রশ্নের জবাবে ড. শরীফ উল্লাহ বলেন, নির্বাচনের পর লিখিত পরীক্ষা হতে পারে।